গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল
www.tangailsadar.tangail.gov.bd

স্মারক নং-০৫.৪১.৯৩৯৫.০০০.২০.০০১.২৪-১৫

তারিখ: ২১ পৌষ ১৪৩২
০৫ জানুয়ারি ২০২৬

বিষয়: ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দে ইজারা বিজ্ঞপ্তি।

## (বিজ্ঞপ্তি নং- ০১/১৪৩২ বাংলা)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ২৩ নভেম্বর ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকের আলোকে টাঙ্গাইল সদর উপজেলার নিয়ন্ত্রণাধীন ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী বাংলা ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী, নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের নিকট হতে অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন/দরপত্র আহ্বান করা হলো:

| ক্র: | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে<br>(০৫ জানুয়ারির মধ্যে) | - | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ০২ | ০১ মাঘ হতে ১৫ মাঘের মধ্যে<br>(১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০৩ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে<br>(০১ ফেবুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, টাঙ্গাইল সদর-এ দাখিল। |
| ০৪ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে<br>(০৫ ফেব্রুয়ারী থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে।<br>(১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে<br>(১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে) | ১৫ (পনের) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ(প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে<br>(১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারা আদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে<br>(১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৭ (সাত) কার্যদিবস | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান ও ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৯ | ১ বৈশাখ (১৪ এপ্রিল) | - | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**জলমহালের বিবরণ:**

| ক্র: | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | মৌজা ও দাগ নং | জল মহালের আয়তন (একরে) | বিগত তিন বছরের গড় ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারি ইজারা মূল্য | ইজারার মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ঘারিন্দা | উত্তর তারটিয়া খাস পুকুর | মৌজা: উত্তর তারটিয়া<br>দাগ নং- ১৫৬ | ০.৬৮ একর | ৭,০০০/- | ৭,৩৫০/- | ১৪৩৩-১৪৩৫ |
| ০২ | ঘারিন্দা | সুরুজ পশ্চিম পাড়া খাস পুকুর | মৌজা: সুরুজ<br>দাগ নং- ৮০৯ | ১.৪৪ একর | ৫২,৬৬৭/- | ৫৫,৩০০/- | ১৪৩৩-১৪৩৫ |

## শর্তসমূহ:

১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ থেকে ১৪৩৫ সনের ৩০শে চৈত্র পর্যন্ত মোট ০৩ (তিন) বছর মেয়াদে খাস জলাশয়সমূহ ইজারা প্রদান করা হবে।

২। জলমহাল ইজারার জন্য সংশ্লিষ্ট মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক অনলাইনে (http://jm.lams.gov.bd) নিবন্ধন সম্পন্ন করতে হবে।

৩। নিবন্ধিত প্রার্থীগণ বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন দাখিল করবেন। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি এবং জামানতের (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) মূল কপি সীলগালা খামে (খামের উপর আবেদনকারীর নাম, ঠিকানা ও জলমহালের নাম উল্লেখপূর্বক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, টাঙ্গাইল সদর-এ দাখিল করতে হবে।

৪। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯-এর পরিশিষ্ট 'ক' অনুযায়ী আবেদন ফরম পূরণ করে ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমা প্রদানপূর্বক চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫। দাখিলকৃত আবেদনে উল্লেখিত ইজারা মূল্য প্রার্থিত জলমহালের বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্যের চেয়ে কমপক্ষে ৫% বেশি না হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

৬। অনলাইনে আবেদন দাখিলের সময় মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদকের নাম, পদবি, এফআইডি, জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্ম তারিখসহ সমিতির যাবতীয় তথ্যাদি সঠিকভাবে পূরণ করতে হবে।

৭। যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষ/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ বা সিদ্ধান্তের অপেক্ষা রয়েছে অথবা আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ বলবৎ রয়েছে, সে সকল জলমহালের ক্ষেত্রে উক্ত আদেশ প্রত্যাহার ও কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম পরিচালিত হবে। পরবর্তীতে কোন জলমহালের উপর এ ধরনের আদেশ জারি হলে সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে। এ বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশের ০৫ (পাঁচ) দিনের মধ্যে সংশ্লিষ্ট পক্ষকে সর্বশেষ অবস্থা, আরজির অনুলিপি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে। অন্যথায় উক্ত জলমহালের উপর কোন নিষেধাজ্ঞা নেই মর্মে ইজারা কার্যক্রম অব্যাহত রাখা হবে।

৮। আবেদনকারীকে অবশ্যই জলমহালটি সরেজমিনে পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। আবেদন দাখিল বা ইজারা প্রাপ্তির পর জলমহালের আয়তন, আকার বা কোন অংশ ভরাট সংক্রান্ত কোন দাবি বা আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি ও প্রিন্টেড কপিতে দাখিলকৃত তথ্যাদির মধ্যে কোন তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনে দাখিলকৃত তথ্যই চূড়ান্ত ও গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১০। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন দাখিল না করে ম্যানুয়ালি আবেদন দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে।

১১। দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখিত ইজারা মূল্য যদি প্রস্তাবিত সরকারি ইজারা মূল্যের চেয়ে কম হয়, তবে আবেদন গ্রহণযোগ্য হবে না।

১২। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের নিবন্ধিত সমবায় সমিতি/সমিতি সংশ্লিষ্ট জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

১৩। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন/সমিতি স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হলে জলমহাল ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। তবে কোন সমিতিতে যদি একজনও অপ্রকৃত মৎস্যজীবী সদস্য থাকে, তবে উক্ত সমিতি সরকারি জলমহাল বন্দোবস্ত পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে।

১৪। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি বর্তমানে কার্যকর আছে মর্মে জেলা/উপজেলা সমবায় বা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র এবং বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট দাখিলের প্রয়োজন নেই।

১৫। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না গেলে পার্শ্ববর্তী উপজেলা বা জেলার মৎস্যজীবী সংগঠন/সমিতি আবেদন করতে পারবে।

১৬। ইজারা প্রাপ্ত কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি তাদের নামে ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-ইজারা প্রদান বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠির নিকট হস্তান্তর করতে পারবে না। এ শর্ত ভঙ্গ করলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করতে পারবেন এবং জমাকৃত ইজারার অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। একই সাথে উক্ত সংগঠন পরবর্তী বছরসমূহে জলমহাল বন্দোবস্তের জন্য অযোগ্য হবে।

১৭। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন সর্বোচ্চ দুটি (০২) জলমহাল ইজারা পেতে পারবে।

১৮। আবেদনে উল্লেখিত ইজারা মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে অনলাইনে আবেদনের প্রিন্টেড কপির সাথে দাখিল করতে হবে। ইজারা না পেলে উক্ত জামানত ফেরত প্রদান করা হবে।

১৯। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপির সাথে আবেদন ফরমের মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের মধ্যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে দাখিল করতে হবে।

২০। যার দরপত্র গ্রহণযোগ্য হবে, তাকে ইজারা মূল্যের উপর সরকার নির্ধারিত হারে ১৫% ভ্যাট ও ১০% আয়কর ইজারার অর্থের সাথে পরিশোধ করতে হবে।

২১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান ইজারাগ্রহীতা বাধ্যতামূলকভাবে অনুসরণ করবে।

২২। জলমহাল ও ইজারা সংক্রান্ত যে কোন তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় অথবা সহকারী কমিশনার (ভূমি), টাঙ্গাইল সদর

এর কার্যালয়ে যোগাযোগ করা যাবে।

২৩। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলার মৎস্যজীবী সংগঠন/সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

২৪। ২০ একর পর্যন্ত পুকুর ইজারা প্রদানের জন্য কোনো মৎস্যজীবী সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের নিকটবর্তী অবস্থানে বসবাসরত নিম্নে বর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে।

ক) বেকার যুবক;
খ) বীর মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান;
গ) যুব মহিলা;
ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা;
ঙ) আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য;
চ) দারিদ্র ও অসচ্ছল ব্যক্তি;

তবে কোনো পরিবার হতে একাধিক ব্যক্তি এ সমিতির সদস্য হতে পারবে না।

২৫। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৬/০১/২০২৬

শাহীন মিয়া
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল

স্মারক নং-০৫.৪১.৯৩৯৫.০০০.২০.০০১.২৪-১৫

তারিখ : ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
০২। প্রশাসক, টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল।
০৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), টাঙ্গাইল।
০৫। উপজেলা কৃষি কর্মকর্তা, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
০৬। উপজেলা মৎস্য কর্মকর্তা, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
০৭। উপজেলা সমবায় অফিসার,টাঙ্গাইল সদর।(বিজ্ঞপ্তির বিষয়ে সংশ্লিষ্ট সকল মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠনের সভাপতি/ সম্পাদকসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)
০৭। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
০৮। অফিসার ইন-চার্জ, টাঙ্গাইল সদর থানা।
০৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
১০। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
১১। প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান....................................... ইউনিয়ন পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..............................ইউনিয়ন ভূমি অফিস, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল, (বিজ্ঞপ্তিটি জনসাধারণের জ্ঞাতার্থে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের এবং জারীর প্রতিবেদন দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের ০২(দুই) দিন পূর্বে এ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
১৩। নোটিশ বোর্ড/অফিস কপি।

০৫/০১/২০২৬

সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
টাঙ্গাইল সদর, টাঙ্গাই